

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারী কলেজ, ফেনী

তারিখ : ২৭/১০/২০১৯ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের ৩য় বর্ষের অনার্স কোর্সের অনিয়মিত ও অকৃতকার্য পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের ৩য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষা ২০১৯ এ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ এবং নিয়মাবলী নিম্নে দেয়া হল :

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

ক্রমিক নং	বিষয়	ফরম পূরণ ও জমাদানের তারিখ	সময়
১	বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসঃইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন	১৮/১১/২০১৯	সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত
২	সমাজকর্ম, অর্থনীতি, গণিত, প্রাণী, উদ্ভিদ, পদার্থ, রসায়ন	১৯/১১/২০১৯	"
৩	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	২০/১১/২০১৯	"

বিঃ দ্রঃ নির্ধারিত তারিখের মধ্যে ফরম জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া গেল :

বিষয় : ভিত্তিক পরীক্ষার ফি অনিয়মিত

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি	সেশন ফি	মোট টাকা	মন্তব্য
১	বাংলা	২৯০০/-	২৯৫০/-	৫৮৫০/-	
২	ইংরেজী, ইতিহাস, ইসঃইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	২৭০০/-	২৯৫০/-	৫৬৫০/-	
৩	রসায়ন	৩৩০০/-	৩০৫০/-	৬৩৫০/-	
৪	পদার্থ, প্রাণী, উদ্ভিদ ও গণিত	২৯৬০/-	৩০৫০/-	৬০১০/-	

অকৃতকার্য পরীক্ষার ফি নিম্নরূপ:

১ বিষয়	-	-	-	-	-	-	-	-	-	১৩০০/-
২ বিষয়	-	-	-	-	-	-	-	-	-	১৫০০/-
৩ বিষয়	-	-	-	-	-	-	-	-	-	১৭০০/-
৪ বিষয়	-	-	-	-	-	-	-	-	-	১৯০০/-
৫ বিষয়	-	-	-	-	-	-	-	-	-	২১০০/-
৬ বিষয়	-	-	-	-	-	-	-	-	-	২৩০০/-

পরীক্ষার ফি জমা দান পদ্ধতি

ফেনী পৌর এলাকার সোনালী ব্যাংক থেকে অধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ এই নামে এম, আই, সি, আর পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :- এখানে উল্লেখ্য যে, পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম, আই, সি, আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা অধ্যক্ষ, ফেনী সরকারী কলেজ এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

বি: দ্র : ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন সুযোগ নাই।

### আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমা দান, ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী :

#### ০১। আবেদন ফরম সংগ্রহ :

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nubd.info/honours](http://www.nubd.info/honours) প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

#### ০২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীরাই ২০১৮ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় শেষ বারের মত অংশগ্রহণ করতে পারবে।

#### ০৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী শিক্ষার্থীরা এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।


ক) ১০০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৮০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ১৫ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৫ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। একই ভাবে ৫০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৪০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ০৭ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৩ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। ইন-কোর্স এবং ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রতিটি কোর্সকোডের বিপরীতে একসাথে অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত নম্বরের প্রিন্টআউট সংশ্লিষ্ট শাখায় হাতে হাতে জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত পরীক্ষা রেগুলেশনের কোর্সভিত্তিক নম্বর বন্টন অনুসরণ করতে হবে।

খ) প্রতি পূর্ণকোর্স ০৪ (চার) ক্রেডিট। পূর্ণমান-৮০, পরীক্ষার সময় ০৪ (চার) ঘন্টা।

গ) প্রতি অর্ধকোর্স ০২ (দুই) ক্রেডিট। পূর্ণমান-৪০, পরীক্ষার সময় ২.৫ (আড়াই) ঘন্টা।

### বিভাগীয় প্রধানগণ

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যিক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নং, বিষয় কোড যাচাই বাচাই করে কম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলত্রুটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই (বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরণী কলেজ অফিসে জমা দিতে হবে।

  
অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী  
ফেনী সরকারি কলেজ, ফেনী।

কম্পোজ- মিঠুন ২৭/১০/২০১৯ খ্রি.